রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২৪, ২০২৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ পৌষ ১৪৩২/ ২৩ ডিসেম্বর ২০২৫

নং **১৭.০০.০০০০.০৬৪.২২.০৪৫.১৯ (অংশ-১)-৩০৫১**—জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা ২০১৪ এর প্রবিধি ২ (৫) এ সংজ্ঞায়িত এবং উক্ত প্রবিধানমালার প্রবিধি ৩ ও ৪ এ আবেদন দাখিল এবং আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও তার দায়িত্ব নির্ধারণ করা হইল:

২নং কলামে বর্ণিত তথ্যাদি সংশোধনের জন্য ০৬ নং কলামে বর্ণিত কর্মকর্তাকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করা হইলো। জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত সংশোধনের সকল আবেদন অনলাইনে/সরাসরি উপজেলা/থানা নির্বাচন অফিসে এবং ক্ষেত্রবিশেষ, নির্বাচন কমিশন সচিবালয়ের এনআইডি উইং-এ গ্রহণ এবং প্রক্রিয়াকরণ করিতে হইবে। দাখিলকৃত আবেদনসমূহ ‘ক’, ‘ক-১’, ‘খ’, ‘খ-১’, ‘গ’, ‘গ-১’ এবং ‘ঘ’ ক্যাটাগরিতে বিভাজনপূর্বক নিম্নবর্ণিত পদ্ধতিতে নিষ্পত্তি করিতে হইবে:


মূল্য : টাকা ৩০.০০

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০১ | **নিজ নাম**<br>(বাংলা ও ইংরেজি) | - নামের বানান মুদ্রণজনিত ভুল | ১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>**শিক্ষাগত যোগ্যতা থাকলে-**<br>২. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/ সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড | **ক-১** | সহঃ উপজেলা/সহঃ থানা নির্বাচন অফিসার |
| | | - নামের বানান সংশোধন (সম্পূর্ণ নাম পরিবর্তন ব্যতীত)<br>- বাংলা ও ইংরেজি নামের পারস্পারিক মিল রেখে সংশোধন<br>- মূল নাম ঠিক রেখে নামের আংশিক সংশোধন/সংযোজন/ বিয়োজন | ১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২. পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স<br>৩. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা/ Marriage Certificate (বিবাহিত হলে)<br>৪. স্বামী/স্ত্রী এর জাতীয় পরিচয়পত্র<br>৫. সন্তানদের জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ/শিক্ষা সনদ<br>**শিক্ষাগত যোগ্যতা থাকলে-**<br>৬. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/ সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | নামের বানান পরিবর্তনের কারণে মূল নাম পরিবর্তন (যেমন- হাশেম এর পরিবর্তে কাশেম) | ১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২. চাকুরি বহি/পেনশন বহির সত্যায়িত কপি (চাকুরিজীবী হলে)<br>৩. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা/ Marriage Certificate (বিবাহিত হলে)<br>৪. স্বামী/স্ত্রীর এনআইডি<br>৫. সন্তানদের এনআইডি/জন্ম সনদ/শিক্ষা সনদ<br>৬. মুক্তিযোদ্ধা সনদ (মুক্তিযোদ্ধা হলে)<br>৭. পাসপোর্ট কপি/ ড্রাইভিং লাইসেন্স কপি<br>**শিক্ষাগত যোগ্যতা থাকলে-**<br>৮. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/ সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড | **খ** | সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার |
| | | - নামের সম্পূর্ণ/আমূল পরিবর্তন | ১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২. নাম পরিবর্তনের কারণ সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র<br>৩. পরিবারের অন্যান্য সদস্যগণের (স্বাক্ষর ও এনআইডি নম্বর/জন্ম নিবন্ধন নম্বরসহ) অনাপত্তি পত্র<br>৪. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা | **গ** | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | ৫. Chronological order বা জন্মের ক্রমানুসার উল্লেখপূর্বক ওয়ারিশ/পারিবারিক উত্তরাধিকার সনদ (সকল সদস্যগণের এনআইডি নম্বর/জন্ম নিবন্ধন নম্বরসহ)<br>৬. অফিসার কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট ব্যক্তির AFIS যাচাইয়ের রিপোর্ট<br>৭. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা/ Marriage Certificate (বিবাহিত হলে)<br>৮. স্বামী/স্ত্রীর এনআইডি<br>৯. সন্তানদের এনআইডি/জন্ম সনদ/শিক্ষাগত যোগ্যতার সনদ<br>১০. চাকুরি বহি ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অফিস স্মারকে সুপারিশপত্র (চাকুরিজীবী হলে)<br>১১. পেনশন বহির সত্যায়িত (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক) কপি (অবসরপ্রাপ্ত হলে)<br>১২. পাসপোর্ট কপি/প্রবাসী Job ID/ Residence Card/ড্রাইভিং লাইসেন্স<br>১৩. অন্যান্য বৈধ দলিলাদি (যদি থাকে)<br>১৪. তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)<br>**শিক্ষাগত যোগ্যতা থাকলে-**<br>১৫. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/ সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড | | |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০২ | **স্বাক্ষর** | - স্বাক্ষর পরিবর্তন | ১. আবেদনকারীর উপস্থিতি<br>২. স্বাক্ষরের স্বপক্ষে প্রমাণক/প্রমাণপত্র<br>৩. AFIS যাচাই সাপেক্ষে (পূর্বের কোনো সংশোধন আবেদনে নাম সংশোধন হয়ে থাকলে AFIS যাচাইয়ের প্রয়োজন নেই) | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| ০৩ | **পিতা/মাতার / পিতা-মাতার নাম** | - শুধু পিতা/মাতার নামের বানানের মুদ্রণজনিত ভুল সংশোধন | ১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২. পিতা/মাতার এনআইডি<br>৩. পিতা/মাতার অনলাইন জন্ম সনদ/মৃত্যু সনদ/ পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>৪. ভাই/বোনের এনআইডি কপি<br>৫. ভাই/বোনের জন্ম সনদ/শিক্ষা সনদ/পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>৬. পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স<br>**<u>শিক্ষাগত যোগ্যতা থাকলে-</u>**<br>৭. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/ সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড | **ক-১** | সহঃ উপজেলা/ সহঃ থানা নির্বাচন অফিসার |
| | | - মূল নাম ঠিক রেখে পিতা/মাতার নামের আংশিক সংশোধন/সংযোজন/বিয়োজন | | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | - পিতা অথবা মাতা যেকোন এক জনের নামের সম্পূর্ণ/আমূল পরিবর্তন | ১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২. পিতা/মাতা/পিতা-মাতার নাম পরিবর্তনের কারণ সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র<br>৩. পরিবারের অন্যান্য সদস্যগণের (স্বাক্ষর ও এনআইডি নম্বর/জন্ম নিবন্ধন নম্বরসহ) অনাপত্তি পত্র<br>৪. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা<br>৫. Chronological order বা জন্মের ক্রমানুসার উল্লেখপূর্বক ওয়ারিশ/ পারিবারিক উত্তরাধিকার সনদ (সকল সদস্যগণের এনআইডি নম্বর/জন্ম নিবন্ধন নম্বরসহ)<br>৬. পিতা/মাতার এনআইডি<br>৭. পিতা/মাতার অনলাইন জন্ম সনদ/মৃত্যু সনদ/পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>৮. ভাই/বোনের এনআইডি কপি<br>৯. ভাই/বোনের জন্ম সনদ/শিক্ষা সনদ/পাসপোর্ট; (এনআইডি না থাকলে) | খ | সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার |
| | | - পিতা ও মাতা উভয়ের নামের সম্পূর্ণ/আমূল পরিবর্তন | | গ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | ১০. পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স<br>১১. চাকুরি বহি/পেনশন বহির সত্যায়িত (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক) কপি (চাকুরিজীবী হলে)<br>১২. পাসপোর্ট /ড্রাইভিং লাইসেন্স<br>১৩. DNA রিপোর্ট (পারস্পরিক অস্বীকৃতি/ বিরোধের ক্ষেত্রে) (প্রযোজ্য ক্ষেত্রে)<br>১৪. অন্যান্য বৈধ দলিলাদি (যদি থাকে)<br>১৫. তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)<br>**<u>শিক্ষাগত যোগ্যতা থাকলে-</u>**<br>১৬. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/ সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড | | |
| ০৪ | **নিজ নামসহ পিতা/মাতা/ পিতা-মাতার নাম সংশোধন** | - নিজ নামসহ পিতা/মাতা যে কোনো এক জনের/ পিতা-মাতা উভয়ের নামের সম্পূর্ণ/আমূল পরিবর্তন | ১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২. নিজ নামসহ পিতা/মাতা/পিতা-মাতার নাম পরিবর্তনের কারণ সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র<br>৩. পরিবারের অন্যান্য সদস্যগণের (স্বাক্ষর ও এনআইডি নম্বর/জন্ম নিবন্ধন নম্বরসহ) অনাপত্তি পত্র | **ঘ** | মহাপরিচালক এনআইডি উইং |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | ৪. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা<br>৫. Chronological order বা জন্মের ক্রমানুসার উল্লেখপূর্বক ওয়ারিশ/পারিবারিক উত্তরাধিকার সনদ (সকল সদস্যগণের এনআইডি নম্বর/জন্ম নিবন্ধন নম্বরসহ)<br>৬. অফিসার কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট ব্যক্তির AFIS যাচাইয়ের রিপোর্ট<br>৭. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা/ Marriage Certificate (বিবাহিত হলে)<br>৮. স্বামী/স্ত্রীর এনআইডি<br>৯. সন্তানদের এনআইডি/জন্ম সনদ/শিক্ষাগত যোগ্যতার সনদ<br>১০. পিতা/মাতার এনআইডি<br>১১. পিতা/মাতার অনলাইন জন্ম সনদ/মৃত্যু সনদ/পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>১২. ভাই/বোনের এনআইডি কপি | ঘ | মহাপরিচালক এনআইডি উইং |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | ১৩. ভাই/বোনের জন্ম সনদ/শিক্ষা সনদ/পাসপোর্ট; (এনআইডি না থাকলে)<br>১৪. চাকুরি বহি ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অফিস স্মারকে সুপারিশপত্র (চাকুরিজীবী হলে)<br>১৫. পেনশন বহির সত্যায়িত (সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক) কপি (অবসরপ্রাপ্ত হলে)<br>১৬. পাসপোর্ট কপি/প্রবাসী Job ID/ Residence Card/ড্রাইভিং লাইসেন্স<br>১৭. DNA রিপোর্ট (পারস্পরিক অস্বীকৃতি/বিরোধের ক্ষেত্রে)<br>১৮. অন্যান্য বৈধ দলিলাদি (যদি থাকে)<br>১৯. তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)<br><br>শিক্ষাগত যোগ্যতা থাকলে-<br>২০. পি.ই.সি.ই/জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/ সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড | | |

<table>
<tr><th>ক্রম</th><th>সংশোধন/<br>পরিবর্তনের বিষয়</th><th>সংশোধন/<br>পরিবর্তনের বিবরণ</th><th>যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক)<br>বিবেচনায় নেওয়া যেতে পারে</th><th>ক্যাটাগরি</th><th>আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা</th></tr>
<tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td><td>(৬)</td></tr>
<tr><td rowspan="2">০৫</td><td rowspan="2">জন্ম তারিখ /<br>জন্ম তারিখসহ অন্যান্য তথ্য-উপাত্ত সংশোধন/পরিবর্তন</td><td>জন্ম তারিখ সংশোধন/পরিবর্তন</td><td rowspan="2">১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২. জন্ম তারিখ সংশোধনের কারণ সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র<br>৩. Chronological order বা জন্মের ক্রমানুসার উল্লেখপূর্বক ওয়ারিশ/ পারিবারিক উত্তরাধিকার সনদ (সকল সদস্যগণের এনআইডি নম্বরসহ)<br>৪. পিতা-মাতার এনআইডি<br>৫. পিতা/মাতার অনলাইন জন্ম সনদ/মৃত্যু সনদ/পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>৬. ভাই-বোনের এনআইডি<br>৭. ভাই/বোনের জন্ম সনদ/শিক্ষা সনদ/পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>৮. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা/ Marriage Certificate (বিবাহিত হলে)<br>৯. স্বামী/স্ত্রীর এনআইডি<br>১০. স্বামী/স্ত্রীর অনলাইন জন্ম সনদ/মৃত্যু সনদ/পাসপোর্ট (এনআইডি না থাকলে)</td><td rowspan="2">ঘ</td><td rowspan="2">মহাপরিচালক,<br>এনআইডি উইং</td></tr>
<tr><td>জন্ম তারিখসহ অন্যান্য তথ্য-উপাত্ত সংশোধন/পরিবর্তন</td></tr>
</table>

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | ১১. সন্তানদের জন্ম সনদ/শিক্ষা সনদ<br>১২. সিভিল সার্জন কর্তৃক বয়স প্রমাণের রেডিওলজিক্যাল টেস্ট রিপোর্ট<br>১৩. চাকুরি বহি/মান্থলি পেমেন্ট অর্ডার (MPO) এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অফিস স্মারকে সুপারিশ পত্র (চাকুরিজীবী হলে)<br>১৪. পেনশন বহির সত্যায়িত **(সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক)** কপি (অবসরপ্রাপ্ত হলে)<br>১৫. পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স<br>১৬. মুক্তিযোদ্ধা সনদ কপি (মুক্তিযোদ্ধা হলে)<br>১৭. অন্যান্য বৈধ দলিলাদি (যদি থাকে)<br>১৮. তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)<br>**শিক্ষাগত যোগ্যতা থাকলে-**<br>১৯. পি.ই.সি.ই/ জে.এস.সি/এস.এস.সি /এইচ.এস.সি/ সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদ/সংশ্লিষ্ট পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড/এ্যাডমিট কার্ড<br>ও<br>অন্যান্য তথ্য-উপাত্ত সংশোধন/পরিবর্তনের জন্য প্রয়োজনীয় বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) | | |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০৬ | **বৈবাহিক অবস্থা (Marital Status) ও স্বামী/স্ত্রীর নাম** | - নামের বানানসহ আংশিক পরিবর্তন<br>- বিবাহ/তালাকজনিত কারণে নাম সংযোজন/বিয়োজন/সংশোধন<br>- বিবাহ/তালাক ব্যতীত অন্য কারণে নাম পরিবর্তন<br>- বিবাহিত হতে অবিবাহিত | ১. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা/ Marriage Certificate (বিবাহিত হলে)<br>২. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত তালাকনামা/তালাকের উপযুক্ত প্রমাণপত্র;<br>৩. স্বামী/স্ত্রীর এনআইডি<br>৪. স্বামী/স্ত্রীর পাসপোর্ট (এনআইডি না থাকলে)<br>৫. সন্তানদের এনআইডি/জন্ম সনদ/শিক্ষা সনদ;<br>৬. ইউপি চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/ প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক অবিবাহিত মর্মে প্রদত্ত প্রত্যয়নপত্র (বিবাহিত হতে অবিবাহিত হলে)<br>৭. তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | **খ-১** | অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার |
| ০৭ | **শিক্ষাগত যোগ্যতা** | - শিক্ষাগত যোগ্যতা হালনাগাদ (নিম্ন হতে উর্ধ্ব) | ১. সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদ<br>২. বিদ্যমান শিক্ষাসনদসহ পরবর্তীতে অর্জিত সকল শিক্ষা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| | | - শিক্ষাগত যোগ্যতা হালনাগাদ (উর্ধ্ব হতে ৮ম/৭ম/৬ষ্ঠ/৫ম/৪র্থ শ্রেণি) | ১. শিক্ষা সনদ<br>২. শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন<br>৩. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা ও পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি<br>৪. তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | **খ-১** | অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | - শিক্ষাগত যোগ্যতা হালনাগাদ (উর্ধ্ব হতে শিক্ষা সনদবিহীন/ নিরক্ষর) | ১. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত হলফনামা ও পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি<br>২. তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | **খ** | সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার |
| ০৮ | **ধর্ম** | - ধর্ম পরিবর্তন<br>- ধর্মান্তরের কারণে নিজ নাম পরিবর্তন | ১. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এর সম্মুখে সম্পাদিত ধর্ম ও নাম পরিবর্তনের ঘোষণা সংবলিত হলফনামা<br>২. অফিসার কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট ব্যক্তির AFIS যাচাইয়ের রিপোর্ট<br>৩. আলেম/ইমাম/মুফতি/পুরোহিত/পাদরী/ধর্মযাজক কর্তৃক নির্দিষ্ট ফরম্যাটে ধর্মান্তরের প্রত্যয়নপত্র<br>অথবা<br>ধর্মান্তরিত ব্যক্তি ও আবেদনকারী- 'একই ব্যক্তি মর্মে' সরেজমিন তদন্ত প্রতিবেদন | **খ-১** | অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার |
| | | - ধর্মান্তরের কারণে পিতা/মাতার নাম পরিবর্তন | | | |
| | | - ধর্মান্তরের কারণে স্বামী/স্ত্রীর নাম পরিবর্তন | ৪. বিবাহের হলফনামা (কোর্ট ম্যারেজ)/রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা/ Marriage Certificate (বিবাহিত হলে)<br>৫. স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্র<br>৬. স্বামী/স্ত্রীর পাসপোর্ট (এনআইডি না থাকলে) | | |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০৯ | **অসামর্থতা/ প্রতিবন্ধিতা** | - বিভিন্ন ধরনের অসামর্থতা/ প্রতিবন্ধিতা অন্তর্ভুক্তকরণ | সমাজ সেবা অধিদপ্তর/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| ১০ | **পেশা** | - পেশা পরিবর্তন | ১. নিয়োগপত্র/অফিসিয়াল পরিচয়পত্র (চাকুরিজীবী হলে)<br>২. ট্রেড লাইসেন্স (ব্যবসায়ী হলে)<br>৩. অন্যান্য পেশার ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| ১১ | **রক্তের গ্রুপ** | - রক্তের গ্রুপ সংযোজন/সংশোধন | ১. মেডিক্যাল রিপোর্ট/রক্তের গ্রুপ সংবলিত প্রমাণপত্র | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| ১২ | **ছবি/বায়োমেট্রিক** | - ছবি হালানাগাদকরণ<br>- বায়োমেট্রিক (আঙ্গুলের ছাপ/আইরিশ ইত্যাদি) হালানাগাদকরণ | ১. আবেদনকারীর উপস্থিতি<br>২. AFIS যাচাই সাপেক্ষে | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১৩ | **পিতা/মাতা/ স্বামী/স্ত্রীগণের এনআইডি নম্বর/ জন্ম সনদ নম্বর** | -পিতা/মাতা/স্বামী/স্ত্রীগণের এনআইডি নম্বর/জন্ম সনদ নম্বর সংযোজন | ১. পিতা/মাতা/স্বামী/স্ত্রী এর জাতীয় পরিচয়পত্র/অনলাইন জন্ম নিবন্ধন সনদ | **ক-১** | সহঃ উপজেলা/ সহঃ থানা নির্বাচন অফিসার |
| ১৪ | **পিতা/মাতা/স্বামী/স্ত্রী'র মৃত্যুর সাল** | -পিতা/মাতা/স্বামী/স্ত্রী এর মৃত্যুর সাল সংযোজন/সংশোধন | ১. পিতা/মাতা/স্বামী/স্ত্রী এর অনলাইন মৃত্যু নিবন্ধন সনদ<br>২. হাসপাতাল কর্তৃক ইস্যুকৃত মৃত্যু সনদ | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| ১৫ | **TIN নম্বর/ ড্রাইভিং লাইসেন্স/ পাসপোর্ট নম্বর/মোবাইল/ টেলিফোন নম্বর** | - সংযোজন/সংশোধন/পরিবর্তন | ১. অনলাইন TIN সার্টিফিকেট/ ড্রাইভিং লাইসেন্স কপি/ পাসপোর্ট কপি/মোবাইল/টেলিফোন নম্বরের সপক্ষে প্রমাণক/প্রমাণপত্র | **ক-১** | সহঃ উপজেলা/ সহঃ থানা নির্বাচন অফিসার |
| ১৬ | **দৃশ্যমান শনাক্তকরণ চিহ্ন** | - সংশোধন/হালনাগাদ | ১. আবেদন অনুসারে | **ক-১** | সহঃ উপজেলা/ সহঃ থানা নির্বাচন অফিসার |
| ১৭ | **জন্মস্থান** | - জন্মস্থান পরিবর্তন | ১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২. পাসপোর্ট<br>৩. ই.পি.আই টিকা কার্ড/হাসপাতাল কর্তৃক ইস্যুকৃত জন্ম সনদ | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১৮ | **বর্তমান ঠিকানা** | - ভোটার এলাকার পরিবর্তন ব্যতিরেকে বর্তমান ঠিকানা সংশোধন<br><br>(বিঃদ্রঃ- ভোটার এলাকার পরিবর্তন হলে স্থানান্তর এর আবেদন করতে হবে) | ১. অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২. পিতা/মাতার এনআইডি<br>৩. স্বামী/স্ত্রীর এনআইডি<br>৪. ইউটিলিটি বিলের কপি<br>৫. চেয়ারম্যান/কাউন্সিলর/প্রথম শ্রেণির কর্মকর্তার প্রত্যয়ন<br>৬. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা/ Marriage Certificate (বিবাহিত হলে)<br>৭. পাসপোর্ট | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| ১৯ | **স্থায়ী ঠিকানা** | - একই উপজেলার মধ্যে স্থায়ী ঠিকানা সংশোধন | ১. জন্ম নিবন্ধন সনদ<br>২. পিতা/মাতার এনআইডি/মৃত্যু সনদ<br>৩. রেজিস্টার্ড কাজী কর্তৃক প্রদত্ত কাবিননামা/ Marriage Certificate (বিবাহিত হলে)<br>৪. স্বামী/স্ত্রীর এনআইডি (প্রযোজ্য ক্ষেত্রে) | **ক** | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| | | - একই জেলার মধ্যে স্থায়ী ঠিকানা সংশোধন | | **খ** | সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | - একই অঞ্চলের মধ্যে স্থায়ী ঠিকানা সংশোধন | ৫. ভাই/বোনের এনআইডি (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৬. চেয়ারম্যান/কাউন্সিলর এর প্রত্যয়ন<br>৭. ইউটিলিটি বিলের কপি/জমির খতিয়ান/জমির দলিল/খাজনা প্রদানের রসিদ;<br>৮. পাসপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৯. চাহিত ঠিকানার ক্ষেত্রে উপজেলা/থানা নির্বাচন অফিসারের তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | গ | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |
| | | - ভিন্ন অঞ্চলের মধ্যে স্থায়ী ঠিকানা সংশোধন | | ঘ | মহাপরিচালক, এনআইডি উইং |
| ২০ | **লিঙ্গ** | লিঙ্গ পরিবর্তন (করণিক ভুল) | ১. আবেদনকারীর উপস্থিতি<br>২. ছবি যাচাই | ক | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |
| | | - জৈবিক কারণে লিঙ্গ পরিবর্তন (Transgender) | ১. উপযুক্ত চিকিৎসক কর্তৃক সনদ<br>২. প্রযোজ্য অন্যান্য দলিলাদি | ঘ | মহাপরিচালক, এনআইডি উইং |
| ২১ | **নিবন্ধন ফরম পরিবর্তনের কারণে ডেমোগ্রাফিক তথ্য পরিবর্তন** | - নিবন্ধন ফরম পরিবর্তনের কারণে ডেমোগ্রাফিক তথ্য পরিবর্তন | ১. নিবন্ধন ফরম<br>২. আবেদনকারীর AFIS যাচাই<br>৩. তদন্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) | ক | উপজেলা/থানা নির্বাচন অফিসার/ নির্বাচন কর্মকর্তা |

| ক্রম | সংশোধন/ পরিবর্তনের বিষয় | সংশোধন/ পরিবর্তনের বিবরণ | যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি (এক বা প্রযোজ্য ক্ষেত্রে একাধিক) বিবেচনায় নেওয়া যেতে পারে | ক্যাটাগরি | আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২২ | খ-১, খ এর বাতিল আবেদনসমূহ নিষ্পন্নকরণ | | | গ-১ | অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা |
| ২৩ | আপিল আবেদন | | | Appeal | সচিব, নির্বাচন কমিশন সচিবালয় |
| ২৪ | Revision আবেদন | | | Revision | নির্বাচন কমিশন |

* ক্রমিক ০৫, ২২, ২৩ ও ২৪ এর ক্ষেত্রে CMS (Card Management System)-এ স্বয়ংক্রিয়ভাবে ক্যাটাগরির ব্যবস্থা করিতে হইবে;

* ক্রমিক ০২, ১২ ও ২১ এ বর্ণিত আবেদনের ক্ষেত্রে (অর্থাৎ যেসকল সংশোধনের সাথে বায়োমেট্রিকস প্রদানের বিষয় রয়েছে) আবেদনকারীকে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিস/এনআইডি উইং-এ উপস্থিত হয়ে হার্ড কপি আকারে (offline) আবেদন করিতে হইবে এবং বায়োমেট্রিকস প্রদান করিতে হইবে।

১। উপর্যুক্ত ছকে বর্ণিত সকল ধরনের আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাচন অফিসের ডাটা এন্ট্রি অপারেটর/অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর/সাঁটমুদ্রাক্ষরিক/উচ্চমান সহকারী/হিসাব সহকারীগণ নিম্নরূপ সহায়তা প্রদান করিবে:

(১) হেল্প ডেস্কে অনলাইন আবেদন সংক্রান্ত সহায়তা প্রদান;

(২) এনআইডি সংক্রান্ত সকল তথ্য সেবা প্রদান;

(৩) সংশোধন/হারানো বা নষ্ট হইবার কারণে নূতন জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ;

(হার্ড কপির আবেদন কার্ড ম্যানেজমেন্ট সিস্টেমের ক্রিয়েট এ্যাপ্লিকেশন অপশন ব্যবহার করিতে হইবে)

(৪) আবেদনের সাথে প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্তকরণ;

(৫) সাবমিটকৃত আবেদনের যাচাই-বাছাই (এ্যাডজুডিকেশন) ও নোট প্রদান করা;

এছাড়া আবেদনকারী সরাসরি সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসে আবেদন দাখিল করিলে আবেদন প্রাপ্তির পর উহার সহিত সংযুক্ত দলিলাদিসহ আবেদনটি CMS (Card Management System)-এ ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে আপলোড করিবেন;

২। সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারগণ উর্ধ্বতন কর্তৃপক্ষ/উপজেলা/থানা নির্বাচন অফিসারের নির্দেশনানুসারে এনআইডি সংশোধন তদন্ত কার্যক্রম পরিচালনা, প্রতিবেদন প্রস্তুত এবং এনআইডি সেবা সংক্রান্ত কার্যক্রমে উপজেলা/থানা নির্বাচন অফিসারগণকে সহায়তা প্রদান করিবেন;

৩। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের কর্মকর্তাগণ নিম্নরূপভাবে কার্যক্রম পরিচালনা করিতে পারিবেন:—

| কার্যক্রম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|
| -‘ঘ’ ক্যাটাগরি আবেদন adjudication (অনুমোদন ব্যতিত) অর্থাৎ প্রয়োজনীয় কাগজাদি চাওয়া, তদন্ত চাওয়া, তদন্ত প্রতিবেদন দাখিলের অপশন;<br>- আবেদনের ভিত্তিতে/নথির সিদ্ধান্ত অনুসারে ডকুমেন্ট সংযুক্ত করে আবেদন বাতিল;<br>- ভুলভাবে নির্ধারিত ক্যাটাগরির ক্ষেত্রে SOP অনুসারে যথাযথভাবে পুনরায় ক্যাটাগরি নির্ধারণ। | সহকারী পরিচালক/ উপ-পরিচালক/পরিচালক |
| - বিদ্যমান 'খ' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তির পাশপাশি ‘খ-১’, 'ক', ‘ক-১' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তিকরণ। | উপ-পরিচালক |
| - এনআইডি সংশোধন আবেদনের ক্যাটাগরিকরণ;<br>- বিদ্যমান ‘গ’ ক্যাটাগরি আবেদন নিষ্পত্তির পাশপাশি ‘গ-১’, 'খ', 'খ-১', 'ক', 'ক-১' ক্যাটাগরি আবেদন নিষ্পত্তিকরণ। | পরিচালক |

৪। উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা তাঁর অধিক্ষেত্রের ‘ক’ ক্যাটাগরি ছাড়াও সহকারী উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার ছুটি বা অসুস্থতা বা পদ শূন্য থাকা অবস্থায় সংশ্লিষ্ট উপজেলা/থানার ‘ক-১’ ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন এবং সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা তাঁর অধিক্ষেত্রের ‘খ’ ক্যাটাগরি ছাড়াও অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তা, উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তার ছুটি বা অসুস্থতা বা পদ শূন্য থাকা অবস্থায় সংশ্লিষ্ট জেলা, উপজেলা/থানার যথাক্রমে ‘খ-১’ এবং ‘ক’ ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন। অনুরূপভাবে, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা তাঁর অঞ্চলের ‘গ’ ক্যাটাগরি ছাড়াও সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তার ছুটি বা অসুস্থতা বা পদ শূন্য থাকা অবস্থায় ‘খ’ ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন। একইভাবে মহাপরিচালক, এনআইডি উইং সকল অঞ্চল/জেলা/উপজেলা/থানার ‘গ’, ‘খ’, ‘খ-১’, ‘ক’ এবং ‘ক-১’ ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন;

৫। মহাপরিচালকের অনুমোদন সাপেক্ষে ‘ঘ’ ক্যাটাগরির সংশোধনের আবেদন জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের দায়িত্বপ্রাপ্ত সহকারী পরিচালক বা উপ-পরিচালকগণ “ঘ” ক্যাটাগরি হতেই (ক্যাটাগরির শ্রেণি পরিবর্তন না করে) নিষ্পত্তি করিতে পারিবেন। উক্ত আবেদনসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে মহাপরিচালক কর্তৃক অনুমোদিত নোটের অনুলিপি স্ক্যান করে আপলোড করিতে হইবে;

৬। সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসার, অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার এবং অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার পদ শূন্য থাকা বা পদ না থাকার কারণে যথাক্রমে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার, সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার এবং আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা সংশ্লিষ্ট ক্যাটাগরির আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে দায়িত্ব পালন করিবেন;

৭। ক্যাটাগরি ‘ক-১’- ০৭ দিন, ‘ক’- ১০ দিন, ‘খ-১’- ১৪ দিন, ‘খ’- ২১ দিন, ‘গ-১’- ২১ দিন, ‘গ’- ৩০ দিন ও ‘ঘ’- ৪৫ দিনের মধ্যে আবেদন নিষ্পত্তি করতে হবে। সংশোধনের কোন আবেদন যথাসময়ে নিষ্পত্তি না করলে, আবেদনটি সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে lock হয়ে যাবে এবং তার ঊর্ধ্বতন কর্তৃপক্ষ সেটি খুলতে ও নিষ্পত্তি করতে পারবেন। বিষয়টি সংশ্লিষ্ট অফিসারের performance মূল্যায়নের ক্ষেত্রে বিবেচনা করতে হবে;

৮। (ক) মৃত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র সংশোধনের প্রয়োজন হইলে মৃত ব্যক্তির জীবিত ওয়ারিশ/ওয়ারিশগণ (স্ত্রী/পুত্র/কন্যা/ভাই/বোন ইত্যাদি) কর্তৃক মহাপরিচালক, এনআইডি উইং বরাবর হার্ড কপি আকারে আবেদন করিতে হইবে। সংশোধনের ধরন অনুসারে প্রযোজ্য দলিলাদিসহ অনলাইন মৃত্যু সনদ আবশ্যিকভাবে দাখিল করিতে হইবে। মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হইলে যথানিয়মে তথ্য সংশোধনপূর্বক সংশ্লিষ্ট ব্যক্তির তথ্য-উপাত্ত পুনরায় ‘dead’ স্ট্যাটাসে রাখিতে হইবে। এইরূপ সংশোধনের ক্ষেত্রে সকল ধরনের নিরাপত্তা বৈশিষ্ট্য সংযুক্ত করিয়া কার্ড ম্যানেজমেন্ট সিস্টেমের প্রয়োজনীয় আপডেট করিতে হইবে;

(খ) iBAS++ এ অনলাইনে পেনশন ফিক্সেশন, ভাতা প্রাপ্তি বা বিশেষ প্রয়োজনে কোন মৃত ভোটারের বৈধ ওয়ারিশ কর্তৃক দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে মহাপরিচালক, এনআইডি উইং এর অনুমোদনক্রমে সংশ্লিষ্ট মৃত ভোটার এর ‘dead’ স্ট্যাটাস পরিবর্তন করতঃ ১০ (দশ) কার্যদিবসের জন্য সচল করা যাইবে।

৯। জাতীয় পরিচয়পত্র সংশোধনের আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে নিবন্ধন ফরম-২, ফরম- ২ক ও ফরম-৩ এ লিপিবদ্ধ তথ্যাদি এবং ডাটাবেজে রক্ষিত স্বাক্ষর প্রণিধানযোগ্য হইবে;

১০। সংশোধনের ধরন অনুসারে আবেদনসমূহকে শ্রেণি বিভাজন (category assign) সংক্রান্ত কার্যক্রম নির্বাচন কমিশন সচিবালয়ের ১০ (দশ) অঞ্চলে কর্মরত ২০ (বিশ) জন অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তাগণ কর্তৃক আবশ্যিকভাবে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে। অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার এতদসংক্রান্ত কার্যক্রম জেলা ভিত্তিক বিভাজন অনুসারে পরিচালনা করিতে হইবে। জেলা বিভাজন আঞ্চলিক নির্বাচন কর্মকতা কর্তৃক নির্ধারণ করা হইবে। তবে এনআইডি উইং-এর পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালকগণ সীমিত আকারে ক্যাটাগরি নির্ধারণ করিতে পারিবেন;

১১। সংশ্লিষ্ট নিষ্পত্তিকারী কর্মকর্তাগণ ছকে বর্ণিত প্রযোজ্য দলিলাদি/সাক্ষ্য-প্রমাণাদি/(প্রযোজ্য ক্ষেত্রে) তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে সিদ্ধান্ত প্রদান করিবেন এবং ক্ষেত্রমত, চাহিত সংশোধনের ধরন অনুসারে প্রযোজ্য অন্যান্য দলিলাদি চাহিতে পারিবে;

১২। দাখিলকৃত দলিলাদির মাধ্যমে চাহিত তথ্য সংশোধনযোগ্য মর্মে প্রতীয়মান হইলে সেক্ষেত্রে তদন্তের আবশ্যকতা থাকিবে না;

১৩। কতিপয় সংশোধনের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনাসমূহ অনুসরণ করিতে হইবে:

(ক) নামের পূর্বে উপাধি/পদবি যুক্ত করা যাইবে না;

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৩ এর দফা (কক) এ বর্ণিত ‘নাম’ এর অর্থ অনুসারে এবং জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ এর ধারা ৫ অনুসারে নামের প্রারম্ভে ‘ডঃ’, ‘প্রফেসর’ ‘হাজী’, ‘আলহাজ’,“এডভোকেট” প্রভৃতিসহ অন্য কোন পদবি/উপাধি যুক্ত করে নাম সংশোধন করার সুযোগ নেই। উল্লেখ্য যে, ২০১১ সালে পাসপোর্ট এবং জাতীয় পরিচয়পত্রে সুপ্রীম কোর্টের বিজ্ঞ প্রধান বিচারপতির নামের পূর্বে ‘প্রধান বিচারপতি’ ও বিজ্ঞ বিচারকগণের নামের পূর্বে ‘বিচারপতি’ সংযোজনের বিষয়ে দায়েরকৃত এক রীট পিটিশনের প্রেক্ষিতে হাইকোর্ট ডিভিশন হতে প্রদত্ত রায়ের নির্দেশনা অনুসারে বাংলাদেশ সুপ্রীম কোর্টের বিজ্ঞ বিচারকগণের ক্ষেত্রে নামের পূর্বে ‘প্রধান বিচারপতি’ বা ক্ষেত্রমত ‘বিচারপতি’ পদবি যুক্ত করার আইনগত বাধ্যবাধকতা রয়েছে। ভোটার তালিকা আইন ও বিধিমালা অনুসারে নামের পূর্বে অর্জিত উপাধি/পদবি সংযুক্ত করার কোন বিধান নেই;

(খ) হিন্দু বিবাহিত মহিলাদের নিজ নামের শেষে পিতা বা স্বামীর নাম/স্বামীর গোত্র যুক্তকরণ সংক্রান্তে মাননীয় কমিশনের নিম্নোক্ত সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

জাতীয় পরিচয়পত্রে হিন্দু বিবাহিত মহিলাদের নাম পরিবর্তন বিষয়ে গত ১৯/০৩/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাননীয় নির্বাচন কমিশনের ২২/২০১৮তম সভায় গৃহীত সিদ্ধান্ত—

"এস.এস.সি পাশ ভোটারের জাতীয় পরিচয়পত্র সংশোধনের ক্ষেত্রে যারা এস.এস.সি পাশ তাদের এস.এস.সি সনদে উল্লেখ থাকা নাম ঠিক রেখে সংশোধন করতে হবে"।

(গ) যদি সন্তানের শিক্ষা সনদের সাথে মিল রাখিয়া পিতা/মাতার নিজ নাম আংশিক সংশোধনের আবেদন দাখিল করা হয়, উক্তরূপ সংশোধনের ক্ষেত্রে নিম্নরূপ বিষয়াদি প্রণিধানযোগ্য:

- মূল নাম ঠিক থাকিলে এবং পিতা-মাতার নিজের শিক্ষা সনদ না থাকলে অবশ্যই অনলাইন জন্ম সনদ দাখিল করিতে হইবে এবং তদানুযায়ী সংশোধন করিতে হইবে;
- ডাটাবেইজে আবেদনকারী অর্থাৎ পিতা/মাতার শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক বা তদূর্ধ্ব থাকিলে তাহাদের শিক্ষা সনদ সংশোধন সাপেক্ষে সংশোধন করিতে হইবে;
- আবেদনকারীর অন্যান্য সন্তানের শিক্ষা সনদে একই রকম নাম রয়েছে কি না তা পর্যালোচনা করিতে হইবে। সেক্ষেত্রে যে সন্তানের শিক্ষা সনদে অসংগতি রয়েছে তার শিক্ষা সনদ সংশোধন করিতে হইবে;

(ঘ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা দাবিকৃত ব্যক্তিদের জাতীয় পরিচয়পত্রে জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির নাম সম্বলিত গেজেট/মুক্তিবার্তা/লালবার্তা, অনলাইন জন্ম সনদ, ভাতা বহি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর ওয়েবসাইট যাচাইয়ান্তে প্রাপ্ত তথ্যাদি বিবেচনায় নিতে হইবে। তাছাড়া এই ধরনের আবেদন 'খ' অথবা তদূর্ধ্ব ক্যাটাগরিতে নিষ্পত্তি করিতে হইবে;

(ঙ) জাতীয় পরিচয়পত্রের নিজ নাম, পিতার নাম, মাতার নাম ও জন্ম তারিখ ইত্যাদি field একাধিকবার সংশোধন করা যাইবে না।

তবে উক্তরূপ সংশোধন চাওয়া হইলে সেটি 'ঘ' ক্যাটাগরি হিসাবে মহাপরিচালক কর্তৃক নিষ্পত্তি করা হইবে;

(চ) ওয়ারিশ সনদ/পারিবারিক সনদ/উত্তরাধিকার সনদ দাখিলের ক্ষেত্রে উক্ত সনদে ওয়ারিশগণ/পরিবারের সদস্যগণের জাতীয় পরিচয়পত্র নম্বরসহ chronological order অনুসারে জন্ম তারিখ ও বয়স উল্লেখ থাকিতে হইবে;

(ছ) পিতা-মাতা, স্বামী- স্ত্রীর নামের সংশোধনের ক্ষেত্রে উভয়ের জাতীয় পরিচয়পত্রে বিদ্যমান তথ্যভান্ডার যাচাই করিতে হইবে;

(ঝ) পিতা-মাতা, সন্তান ও ভাই-বোনদের মধ্যে পারস্পরিক অস্বীকৃতি/ বিরোধ দেখা দিলে অধিকতর যাচাইয়ের জন্য DNA পরীক্ষার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করা যাইতে পারে।

১৩ক। একই ব্যক্তির দুইটি SSC/সমমান সনদ থাকলে প্রথমটি বিবেচনা করতে হবে। ব্যতিক্রমের ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্ত গ্রহণীয়;

১৩খ। যদি কোন ব্যক্তির একাধিক জন্ম সনদ অনলাইনে বিদ্যমান থাকে তাহলে একটি ব্যতীত অন্যান্য জন্ম সনদ বাতিল করতে হবে;

১৪। তথ্য গোপন করিয়া সরকারি চাকুরি প্রাপ্তির পর জাতীয় পরিচয়পত্রের বিভিন্ন তথ্য সংশোধনের জন্য প্রাপ্ত আবেদনগুলি নিষ্পত্তির জন্য মাননীয় কমিশনের অনুমোদনক্রমে ইতোঃপূর্বে গঠিত কমিটি এতদসংক্রান্ত আবেদনসমূহ প্রাপ্তির পর যাচাই-বাছাই করতঃ সুপারিশসহ প্রতিবেদন মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের নিকট দাখিল করিবেন;

১৫। সংশোধনের ক্ষেত্রে কারিগরি জটিলতা উদ্ভূত হইলে এনআইডি উইং এর কারিগরি অধিশাখার মতামতের ভিত্তিতে নিষ্পত্তি করিতে হইবে;

১৬। সকল শিক্ষা সনদ/জন্ম সনদ/মৃত্যু সনদ অনলাইনে যাচাই করিতে হইবে। অনলাইনে না পাওয়া গেলে নিষ্পত্তিকারী কর্মকর্তা তাহার বিবেচনায়/বিচারবুদ্ধি (Conscience) প্রয়োগ করে যাচাইপূর্বক সিদ্ধান্ত প্রদান করিবেন;

১৭। প্রয়োজনে নিষ্পত্তিকারী কর্মকর্তা 'ক' 'খ', 'খ-১', 'গ', 'গ-১' এবং 'ঘ' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তিকরণের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য/প্রমাণাদি/মতামতসহ তদন্ত প্রতিবেদন প্রদানের জন্য সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসার অথবা উপজেলা/থানা নির্বাচন অফিসারের নিকট প্রেরণ করিতে পারিবেন। তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদনে সুস্পষ্ট মতামত প্রদান করিবেন;

১৮। আবেদনটি ইলেকট্রনিক্যালী ইস্যু করা হইলে আবেদনকারী মোবাইলে এসএমএস এর মাধ্যমে রেজিস্ট্রেশন নম্বর পাইবেন, আবেদনের ক্যাটাগরি ও সংশ্লিষ্ট অফিসের নাম সম্বলিত এসএমএস পাইবেন, তদন্ত বা অন্য কোন কাগজপত্র চাওয়া হইলে পরবর্তী এসএমএস এর মাধ্যমে আবেদনকারী জানিতে পারিবেন, আবেদনটি মঞ্জুর বা না- মঞ্জুর হইলে পরবর্তী এসএমএস এর মাধ্যমে আবেদনকারী জানিতে পারিবেন;

১৮ক। আবেদনকারী কর্তৃক আবেদন প্রত্যাহারের ক্ষেত্রে (স্বাক্ষর ও মোবাইল নম্বর আবশ্যকীয়) ক্যাটাগরি পরিবর্তন না করেই সংশ্লিষ্ট ক্যাটাগরি হইতে নিষ্পত্তি করা যাইবে;

১৮খ। সংশোধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ উপযুক্ত কারণ বর্ণনাপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে প্রমাণকসহ) মহাপরিচালক, এনআইডি উইং বরাবর Rollback (অনুমোদিত/বাতিলকৃত আবেদন পূর্বের অবস্থায় ফিরিয়ে নেয়া) এর আবেদন করিলে মহাপরিচালক, এনআইডি উইং অথবা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তা নিষ্পত্তি করিবে"।

১৯। কোন আবেদন না-মঞ্জুর হইলে না-মঞ্জুরের কারণ লিপিবদ্ধ করিতে হইবে এবং আবেদনকারী যথাযথ পদ্ধতিতে উক্ত আদেশের কপি পাওয়ার অধিকারী হইবেন;

২০। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ জাতীয় পরিচয়পত্র সেবা সংশ্লিষ্ট আবেদনসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সার্বিক বিষয়াদি তদারকি করিবে;

২০ক। এ বিষয়ে এনআইডি উইং হতে প্রস্তুতকৃত মনিটরিং পলিসি অনুসারে কার্যক্রম পরিচালনা করিতে হইবে। একই সাথে 'ক-১', 'ক', 'খ-১', 'খ' 'গ-১', 'গ' ও 'ঘ'(এনআইডি উইং এর অঞ্চলভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক নথি উপস্থাপনের মাধ্যমে নিষ্পত্তিকৃত আবেদন) ক্যাটাগরির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের CMS অ্যাকাউন্টসমূহ হতে বিভিন্ন স্ট্যাটাসে সংশোধন কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে কিনা তা মনিটরিং এর জন্য এনআইডি উইং এর পরিচালকগণ দায়িত্ব পালন করিবেন। এ বিষয়ে প্রতি ৩০ (ত্রিশ) দিন পর পর মহাপরিচালক, এনআইডি উইং কে ফিডব্যাক প্রদান করিতে হইবে। তবে মনিটরিং-এ উদঘাটিত ঘটনাসমূহকে নিম্নরূপ দুই ধরনের দৃষ্টিভঙ্গি থেকে পর্যালোচানা করে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে:—

I. 'omission of an offence' অর্থাৎ ভুল-ভ্রান্তি কিনা? বা না বুঝে অনিচ্ছাকৃতভাবে করা হয়েছে কিনা?

II. 'commission of an offence' অর্থাৎ জেনে বুঝে ইচ্ছাকৃতভাবে বা উদ্দেশ্যমূলকভাবে করা হয়েছে কি না?"

২১। সহকারী উপজেলা/ সহকারী থানা নির্বাচন অফিসারও জাতীয় পরিচয়পত্র Re-Issue আবেদন নিষ্পত্তি করিতে পারিবেন;

২২। অত্র প্রজ্ঞাপন অনুযায়ী এক ক্যাটাগরির আবেদন অন্য ক্যাটাগরিতে পরিবর্তিত হইলে সংশ্লিষ্ট অফিসার ক্যাটাগরি প্রদানকারী কর্মকর্তাকে (পত্রযোগে) ক্যাটাগরি পরিবর্তনের জন্য অনুরোধ করিবেন;

২৩। কোন আবেদন মঞ্জুর (Approved) করা হইলে Card Management System এর মাধ্যমে এনআইডি উইং/আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়/সিনিয়র জেলা/জেলা/উপজেলা/থানা নির্বাচন অফিস হইতে সংশোধিত জাতীয় পরিচয়পত্র মুদ্রণ করা যাইবে এবং সংশ্লিষ্ট থানা/উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় হইতে সংশোধিত জাতীয় পরিচয়পত্র বিতরণ করা হইবে;

২৪। মঞ্জুরকৃত আবেদনের current status এ correction approved by officers' ID/NID নম্বর থাকবে, (যেমন- correction approved by karim_hossain/ 3256205058)

২৫। জাতীয় পরিচয়পত্র সংশোধনের আবেদন কোন ক্যাটাগরি হইতে বাতিল হইলে এবং আবেনকারী পুনরায় আবেদন করিলে উক্ত আবেদন Card Management System-এ Re-Modified হিসেবে প্রদর্শিত হবে। উক্তরূপ আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিম্নে বর্ণিত ছকানুসারে নির্ধারিত সময়ের মধ্যে ক্যাটাগরি নির্ধারণ করিবেন এবং সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নির্ধারিত সময়ের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করিবেন—

| পূর্বের ক্যাটাগরি | যে ক্যাটাগরি করিতে হইবে |
|---|---|
| গ | ঘ |
| গ-১ | গ |
| খ এবং খ-১ | গ-১ |
| ক | খ |
| ক-১ | ক |

তবে শর্ত থাকে যে, লিখিত আবেদনের প্রেক্ষিতে সংশোধনের কোন আবেদন বাতিল/নামঞ্জুর করা হইলে এবং পুনরায় সংশোধনের জন্য আবেদন করিলে উক্ত আবেদনটি পূর্বের ক্যাটাগরিতেই অন্তর্ভুক্ত করিতে হইবে।

২৬। সাংবিধানিক পদমর্যাদাসম্পন্ন এবং রাষ্ট্রের অতিগুরুত্বপূর্ণ ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্রে সংরক্ষিত তথ্য সংশোধনসহ তদসংক্রান্ত যেকোন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এর কার্যালয়ের অধীনে একজন সহঃ পরিচালক/উপ-পরিচালককে দায়িত্ব প্রদান করা হইবে। CMS Portal-এ উক্ত ব্যক্তিগণের জাতীয় পরিচয়পত্র নম্বরের পাশে বিশেষ শনাক্তকরণ চিহ্ন প্রদর্শিত হইবে;

২৭। মহাপরিচালক এর সিদ্ধান্তে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে এতদসংক্রান্ত আদেশ অবহিত হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে আবেদনকারী বা ক্ষেত্রমতে তাহার আইনানুগ প্রতিনিধি নির্ধারিত পদ্ধতিতে উক্ত আদেশের বিরুদ্ধে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবর আপিল (Appeal) দায়ের করিতে পারিবেন এবং আপিল প্রাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে উক্ত আপিল নিষ্পত্তি করিতে হইবে। আপিল আবেদন বাতিলের বিরুদ্ধে দাখিলকৃত আবেদনের ক্ষেত্রে মাননীয় কমিশন আপিল সিদ্ধান্ত 'Revision' করিতে পারিবেন;

২৭ক। জাতীয় পরিচয়পত্রের তথ্য সংশোধন এর বিষয়ে কোন অভিযোগ বা আপত্তি উত্থাপিত/দায়ের করা হইলে, উক্ত অভিযোগ/আপত্তি সংক্রান্ত তদন্ত কমিটি গঠন ও নিষ্পত্তির লক্ষ্যে সচিব, নির্বাচন কমিশন সচিবালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবেন;

২৮। জাতীয় পরিচয়পত্র সংশোধন আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে সময় সময় জারীকৃত সরকারি নির্দেশনাসমূহ বিবেচনা করিতে হইবে। বর্ণিত বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হইলে মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা গ্রহণ সাপেক্ষে প্রয়োজনীয় কার্যক্রম করিতে হইবে;

২৮ক। CMS (Card Management System) এ কোন কর্মকর্তার একাউন্ট হতে সন্দেহজনক বা অস্বাভাবিক বা অত্র প্রজ্ঞাপনের বিধান লঙ্ঘন করে কোন কার্যক্রম সংঘটিত হইলে বা সংঘটনের চেষ্টা করা হইলে বিদ্যমান মনিটরিং পলিসির আওতায় এনআইডি উইং এর কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত অঞ্চলভিত্তিক টীমসমূহ কেন্দ্রীয় কমিটির মাধ্যমে লিখিতভাবে মহাপরিচালক-কে অবহিত করিবেন এবং মহাপরিচালক, এনআইডি উইং এ বিষয়ে প্রয়োজনে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়ের অনুমোদনক্রমে কার্যক্রম গ্রহণ করিবেন;

২৮খ। নির্বাচন কমিশন সচিবালয়ে জাতীয় পরিচয়পত্র সংশোধনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অত্র প্রজ্ঞাপনের বিধানসমূহ প্রতিপালন করিতে বাধ্য থাকিবেন। অত্র প্রজ্ঞাপনের কোন বিধান লঙ্ঘনকে অসদাচরণ হিসেবে গণ্য করে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

২৯। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং গত ২৩ নভেম্বর ২০২৩ ও ০৪ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে জারীকৃত এতদসংক্রান্ত প্রজ্ঞাপন দুটি [১৭.০০.০০০০.০৬৪.২২.০৪৫.১৯ (অংশ-২)-৪৮৩ ও ১৭.০০.০০০০.০৬২.২২.০৪৫.১৯ (অংশ-২)-৪৪৭] বাতিল বলিয়া গণ্য হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd